

রাবির ভর্তি পরীক্ষার

‘বি’ ও ‘সি’ ইউনিটের ফল প্রকাশ

সংবাদ : প্রতিনিধি, রাবি

। ঢাকা, বৃহস্পতিবার, ০৭ নভেম্বর ২০১৯

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের ব্যবসায় অনুষদভুক্ত ‘বি’ ইউনিট ও বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি ও প্রকৌশল অনুষদভুক্ত ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। বুধবার বিকেল তিনটায় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এ ‘সি’ ফলাফল প্রকাশ করা হয়। এদিকে গত মঙ্গলবার রাতে বি ইউনিটের ফলাফল প্রকাশ করা হয়।

সি ইউনিটের ভর্তি পরীক্ষার চিফ কো অর্ডিনেটর ড. একরামুল হামিদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত শতানুযায়ী এমসিকিউ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আসন সংখ্যার ১০ গুণ পরীক্ষার্থীর লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হয়েছে।

উত্তীর্ণ ভর্তিচ্ছুদের আগামী ১৫ নভেম্বর থেকে ২০ নভেম্বরের মধ্যে অনলাইনে ভর্তির বিভাগের পছন্দক্রম পূরণ করতে বলা হয়েছে। কোন ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম পূরণ করতে না পারলে সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

এছাড়া পছন্দক্রম পূরণ করার সময় কেন্ত্ব ভিত্তিচ্ছুল কোন বিভাগে ভর্তি হতে আদৌ আগ্রহী না হলে সেটি পছন্দক্রম থেকে বাদ রাখতে পারবে। তবে পছন্দক্রম প্রদানের পর তা অনুযায়ী কোন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে, নতুন সি ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না- নোটিশে জানতে পারবে।

পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রম অনুসারে প্রথম নির্বাচন তালিকা ৩ ডিসেম্বর বিকেলে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রকাশিত হবে। ১ম নির্বাচিত তালিকায় নির্বাচিতদের ২৫ নভেম্বর থেকে ১ ডিসেম্বর এর মধ্যে ভর্তি হতে হবে। এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে, যার সম্ভাব্য সময়সূচি যথাসময়ে প্রকাশ করা হবে।

এদুকে যেসব উত্তীর্ণ ভর্তিচ্ছুল পরীক্ষার সময় শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তি হতে আগ্রহ প্রকাশ কুরে বৃত্ত পূরণ করেছে, তাদের ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত নোটিশ আগামী ১১ নভেম্বর তারিখ প্রকাশ করা হবে। ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত পরীক্ষার্থী উক্ত

বিভাগে ভার্তর কোন সুযোগ পাবে না, তবে অন্যান্য বিভাগগুলোতে ভর্তির সুযোগ বহাল থাকবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা- বিকেল ৫টা) ইউনিট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (ফোন : ০৭২১-৭১১২৫৫, ০১৯১৪-৩২৭১৪২)। অনলাইন পছন্দক্রম ফর্ম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩৫৮৯৯৯৭৩। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (৯.ধপ.নফ/ধফসরংরড়হ) সব ইউনিটের ফলাফল পাওয়া যাবে। ভর্তি পরীক্ষার্থীদের রোল ও রেজিস্ট্রেশন নাম্বার দিয়ে লগ ইন করলে ফলাফল দেখা যাবে।